পরিশিষ্ট

# তৈরি পোশাক খাতে সুশাসন: প্রতিশ্রুতি ও অগ্রগতি

## তৈরি পোশাক খাতে বিভিন্ন অংশীজন কর্তৃক সুশাসন কেন্দ্রীক প্রতিশ্রুতি বাস্তবায়নে অগ্রগতি পর্যালোচনা (এপ্রিল ২০১৫- মাচ ২০১৬)

১.১ সুশাসন প্রতিষ্ঠায় সরকারী উদ্যোগ

| ক্রম | সমস্যা, অনিয়ম ও দুর্নীতি | অবস্থা (২০১৪) | অবস্থা (২০১৫) | অবস্থা (২০১৬) | অগ্রগতি | মন্তব্য /পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|---|
| ১. | বাংলাদেশ শ্রম আইনের সীমাবদ্ধতা | ১. বাংলাদেশ শ্রম (সংশোধন) আইন, ২০১৩ পাশ | "বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৪", জুলাই ২০১৪ তে মন্ত্রীসভায় নীতিগত অনুমোদন | খসড়া 'ইপিজেড শ্রম আইন -২০১৬' মন্ত্রীসভায় চূড়ান্ত অনুমোদন। পুন:নিরীক্ষণ এর জন্য আইন মন্ত্রণালয়ে প্রেরণ।<br>৮ টি লেবার কোর্ট এবং ১ টি আপিলেট ট্রাইবুন্যালের উপর ৮টি ইপিজেড এর সংক্ষুদ্ধ শ্রমিকদের অভিযোগ নিষ্পত্তির জন্য দায়িত্ব দেওয়া।<br>এখানে ১১৪ টি শ্রম মামলা রজ্জু করা হয়েছে, যার মধ্যে ৪২টি মামলার মীমাংসা হয়েছে | সন্তোষজনক অগ্রগতি | পর্যাপ্ত শাস্তিমূলক ব্যবস্থার অনুপস্থিতি ও বিচার প্রক্রিয়ার দীর্ঘসূত্রতা,<br>পরিদর্শকদের জবাবদিহিতা উল্লেখ না থাকা, অপর্যাপ্ত ক্ষতিপূরণ, আইএলও কনভেনশনের (২৯, ৮৭, ৯৮, ১০৫) সাথে অসামঞ্জস্যতাসহ বিভিন্ন সীমাবদ্ধতা এখনও বিদ্যমান<br>শ্রম আইনের ধারা [(২৩, ২৭, ১৮৯, ২(৬৫)] সমূহের অপব্যবহারের অভিযোগ<br>খসড়া ইপিজেড শ্রম আইনে ওয়েলফেয়ার কমিটি গঠনে ৩০% শ্রমিকের সম্মতি ছাড়াও গণ ভোটের বিধান করার মাধ্যমে শ্রমিক ওয়েলফেয়ার কমিটি গঠন প্রক্রিয়া কঠিন করা হয়েছে |
| ২. | ইমারত নির্মাণ বিধিমালা ও অগ্নি নির্বাপণ আইনে অসামঞ্জস্য | ২. খাত সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালা পর্যালোচনার জন্য টাস্কফোর্স গঠন | অগ্রগতি নেই | অগ্রগতি নাই | বাস্তবায়ন স্থবির | নিয়ন্ত্রক সংস্থা নির্ধারণে গণপূর্ত ও আইন মন্ত্রণালয়ের মধ্যকার বিরোধের জন্য বিল্ডিং কোড তৈরিতে দীর্ঘসূত্রতা |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩. | তৈরি পোশাক খাতের শ্রম বিধিমালার অনুপস্থিতি | ৩. তৈরি পোশাক খাতের জন্য শ্রম বিধিমালা প্রণয়নাধীন | বিধি প্রণয়নের জন্য গঠিত কমিটি কর্তৃক কার্যক্রম চলমান | সেপ্টেম্বর ২০১৫ এ শ্রমবিধিমালা পাশ | বাস্তবায়ন সম্পন্ন | আইন বহির্ভূত বিষয় সংজ্ঞায়িত (তদারকি কর্মকর্তা, প্রশাসনিক বা ব্যবস্থাপনামূলক কাজে দায়িত্বপ্রাপ্ত কোন ব্যাক্তি)<br><br>কারখানায় ট্রেড ইউনিয়ন না থাকলে অংশগ্রহণ কমিটি দ্বারা সেফটি কমিটি গঠনে মালিক কর্তৃক প্রভাব বিস্তারের ঝুঁকি সৃষ্টি হওয়া (বিধি-৮১ এর উপবিধি-৯)<br><br>সেফটি কমিটি গঠনে মহাপরিদর্শক কর্তৃক কি প্রক্রিয়ায় নির্বাচন করা হবে সে সম্পর্কে স্পষ্ট বিধান না থাকা (বিধি ৮১ এর উপবিধি ১০)<br><br>নৈমিত্তিক ছুটি অথবা পীড়া ছুটির মধ্যে কোনো সাপ্তাহিক বা উৎসব ছুটি পড়লে উক্ত ছুটি মূল ছুটির অন্তর্ভূক্ত হবে (বিধি-১০৬), যা শ্রমিকের ছুটি প্রাপ্তির অধিকারের সাথে সাংঘর্ষিক (বিধি-১০৬)<br><br>১ বৎসর কর্মসময় অতিক্রমকারী শ্রমিককে উৎসব ভাতা প্রদানে সর্বোচ্চসীমা নির্ধারণ করা হলেও সর্বনিম্ন সীমা নির্ধারণ না করার কারনে মালিকপক্ষের ইচ্ছানুযায়ী প্রদানের সুযোগ থাকা। (বিধি-১১১)<br><br>বিধি অনুযায়ী কারখানা সমূহে ৬ মাসের ভিতর সেফটি কমিটি গঠনের বিধান করা হলেও এখন পর্যন্ত ট্রেড ইউনিয়ন এবং পার্টিসিপেশন কমিটি আছে এমন অল্পসংখ্যক কারখানায় সেফটি কমিটি গঠন |
| ৪. | সাব-কন্ট্রাক্ট কারখানার জন্য | ৪. সাব-কন্ট্রাক্ট কারখানার | বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে | বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে | ধীর অগ্রগতি | চূড়ান্তকরণে সুনির্দিষ্ট সময় সীমা উল্লেখ নেই |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | নীতিমালা না থাকা | জন্য গাইড লাইন প্রণয়নাধীন | গাইড লাইন প্রণয়নের কার্যক্রম চলমান | গাইড লাইন প্রণয়নের কার্যক্রম চলমান এবং সংশ্লিষ্ট অংশীজন কর্তৃক মতামত প্রেরণ | | |
| ৫. | লিড মিনিস্ট্রির অনুপস্থিতি | কোন উদ্যোগ নেই | | কোন উদ্যোগ নেই | - | অপরিবর্তিত |
| ৬. | সরকারি বিভিন্ন (১৭টি) প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয়হীনতা<br>বিভিন্ন প্রতিষ্ঠান হতে ২০টি সনদ/নিবন্ধন গ্রহণে জটিলতা ও আর্থিক অনিয়ম ও দুর্নীতি | ৫. কারখানা নিবন্ধন, অগ্নি, বৈদ্যুতিক, কেমিক্যাল ও পরিবেশ সনদ প্রদান প্রক্রিয়ায় প্রয়োজনীয় সংশোধনে টাস্কফোর্স গঠন | তৈরি পোশাক কারখানার নিবন্ধন সনদ প্রদানের ক্ষেত্রে প্রধান পরিদর্শক এর পরিদর্শনকৃত অনুমোদন বাধ্যতামূলক করা হয়েছে<br><br>জিএসপি সার্টিফিকেট প্রদানে দুর্নীতি রোধে অটোমেশন সার্ভিস চালুকরণ<br><br>তৈরি পোশাক শিল্পের জন্য পৃথক বিল্ডিং কোড তৈরির উদ্যোগ<br><br>জরিপ পরবর্তী সংস্কার কার্যক্রম পরিবীক্ষণে (একটি ভবন নিরাপত্তা ও অপরটি বিদ্যুৎ নিরাপত্তা) ২টি টাস্ক ফোর্স গঠন | ন্যাশনাল ট্রাইপার্ট্রেট কমিটি (এনটিসি) কর্তৃক সরকারি তদারকি সংস্থাসমূহের পরিদর্শন, পরিবীক্ষণ ও প্রতিসম করার জন্য একটি ড্রাফট প্রটোকল অনুমোদন করা হয়েছে | সন্তোষজনক অগ্রগতি | চাত্তক্সকত্সতহ |
| | | ৬. তৈরি পোশাক খাতে অগ্নি ও ভবন নিরাপত্তা সংক্রান্ত টাস্কফোর্স গঠন | টাস্কফোর্স কর্তৃক বিভিন্ন বিষয়ে কার্যক্রম চলমান-এ পর্যন্ত ৮টি সভা পরিচালিত হয়েছে<br>টাস্কফোর্স জিআইজেড , আইএলও এবং আন্তর্জাতিক সংস্থা কর্তৃক গৃহীত অগ্নি ও | টাস্কফোর্স কর্তৃক বিভিন্ন বিষয়ে এ পর্যন্ত ১১ টি সভা পরিচালিত হয়েছে | সন্তোষজনক অগ্রগতি | টাস্কফোর্স এর কার্যক্রম নিয়মিত প্রকাশের কোনো ব্যবস্থা না থাকা |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | ভবন নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন প্রকল্প সমন্বয় সাধন করছে | | | |
| ৭. | কম মজুরি (ন্যূনতম মজুরি ৩০০০ টাকা) | ৭. ন্যূনতম মজুরি বোর্ড কর্তৃক মজুরি বৃদ্ধি | কারখানা পর্যায়ে ন্যূনতম মজুরি প্রদানের অবস্থা নিরূপণে নিয়মিত পরিবীক্ষণের উদ্যোগ | বাস্তবায়ন সম্পন্ন | বাস্তবায়ন সম্পন্ন | ৯২% কারখানায় ন্যূনতম মজুরি বাস্তবায়ন<br><br>শ্রমিকদের জন্য উৎপাদন লক্ষ্য বৃদ্ধি এবং উৎপাদন বাড়াতে চাপ প্রয়োগের অভিযোগ<br><br>-তবে জীবনযাত্রার ব্যয়ের তুলনায় এই মজুরি বাস্তবসম্মত কিনা তা নিয়ে বিতর্ক আছে। তদুপরি এটি লিভিং ওয়েজ, ফেয়ার ওয়েজ প্রভৃতি ধারণার সাথে সংগতিপূর্ণ নয় বলে মনে করা হয় |
| ৮. | অপর্যাপ্ত ক্ষতিপূরণ (মৃত্যু-১ লাখ, স্থায়ী পঙ্গুত্বে ১.২৫ লাখ) | ৮. ক্ষতিপূরণ বৃদ্ধির পর্যালোচনার জন্য কমিটি গঠন | কোনো অগ্রগতি নাই | কোনো অগ্রগতি নাই | বাস্তবায়ন স্থবির | ক্ষতিপূরণ নির্ধারণে কমিটি গঠিত হলেও কোনো কার্যক্রম শুরু করে নি |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৯. | বিচার প্রক্রিয়ায় দীর্ঘসূত্রতা ও বিচার না হওয়ার সংস্কৃতি<br>শ্রমিকদের মামলা পরিচালনায় আইনগত সহায়তার জন্য সরকারি আইনজীবী না থাকা | ৯. কারখানার মালিক ও রানা প্লাজার মালিকের বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের<br>১০.কলকারখানা অধিদপ্তর কর্তৃক কারখানার মালিক ও রানা প্লাজার মালিকের বিরুদ্ধে শ্রম আদালতে ১১টি মামলা দায়ের<br>১১.রাজউক কর্তৃক সাভার পৌরসভার বিরুদ্ধে মামলা দায়ের<br>ভবন মালিক, কারখানার মালিকবৃন্দ, অনুমোদনকারী প্রকৌশলী গ্রেফতার | সিআইডি কর্তৃক রানা প্লাজা সংশ্লিষ্ট দু'টি মামলার তদন্ত প্রতিবেদন জমা দেওয়া হয়নি | ২১ ডিসেম্বর, ২০১৬ এ মৃত্যুঘটানোর অভিযোগে দন্ডবিধি আইনে ও ইমারত নির্মাণ আইনে ৪১ জনের বিরুদ্ধে চার্জশিট আদলত কর্তৃক আমলে গ্রহণ এবং ২৪ জন পলাতক আসামীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা<br><br>১২ আসামিকে আদালতে হাজিরের জন্য দুটি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান | ধীর অগ্রগতি | রানা প্লাজা মামলায়-<br>৪১ জনের চার্জশিট আদালত কর্তৃক আমলে গ্রহণ, ২৪ জন পলাতক আসামীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি, গ্রেফতারকৃত ২১ জনের মধ্যে ৮ জনের জামিন মঞ্জুর, পরপর দুইবার সাক্ষী হাজিরে ব্যর্থতায় মামলা দীর্ঘসূত্র ও দুর্বল হওয়া<br>দুদক দায়েরকৃত ৪টি মামলার ১টি মামলায় চার্জশিট দাখিল; আদালত কর্তৃক পুনরায় তদন্তের নির্দেশ<br>দীর্ঘ ৩ বছর পর তাজরিন ফ্যাশন মামলায় সাক্ষ্য গ্রহণ শুরু<br>শ্রম আদালতে মামলা পরিচালনায় দীর্ঘসূত্রতা। কোনো কোনো ক্ষেত্রে মামলার রায় হতে<br>১০-১২ বছর সময় লেগে যায়<br>আদালতের পেশকার ও পিওনদের মালিকের সাথে যোগসাজসে মামলায় দীর্ঘসূত্রতা তৈরির অভিযোগ |
| | | ১২.তাজরিন ফ্যাশনের মামলার চার্জসিট প্রদান এবং চেয়ারম্যান ও পরিচালককে গ্রেফতার | সিআইডি কর্তৃক একটি মামলায় চূড়ান্ত প্রতিবেদন,<br>প্রতিবেদনে তাজরিন ফ্যাশন সংক্রান্ত মামলার অভিযোগপত্রে কারখানা মালিককে নির্দোষ হিসেবে উপস্থাপন | | ধীর অগ্রগতি | মার্চ, ২০১৫ এ আদালত কর্তৃক পুনরায় সিআইডিকে তদন্তের নির্দোষ |
| | | ১৩.দুদক কর্তৃক মালিক এবং | একটি মামলার চার্জশীট | আদালত কর্তৃক দুদককে মামলাটি পুনরায় তদন্তের | বাস্তবায়ন স্থবির | রানাপ্লাজা ভবন নির্মান ও নকশা অনুমোদনে জড়িত ব্যক্তিদের মামলার চার্জশীটে সংযুক্ত না করায় |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | সাভার পৌরসভা ও রাজউক এর সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে তদন্তের সিদ্ধান্ত | দেওয়া হয়েছে | নির্দেশ | | মামলাটি পুনরায় তদন্তের নির্দেশ |
| ১০. | বাসা-বাড়ি ও বাণিজ্যিক ভবনে অপরিকল্পিত ভাবে পোশাক কারখানা স্থাপন | ১৪. মুন্সিগঞ্জে একটি পোশাক শিল্প পল্লী স্থাপনের সিদ্ধান্ত | প্রধানমন্ত্রী কার্যালয় কর্তৃক কার্যক্রম চলমান<br>চট্টগ্রামে অপর একটি পোশাক পল্লী স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ | মুন্সিগঞ্জ পোশাক পল্লী স্থাপনে বিজিএমইএ কে দায়িত্ব অর্পণ কিন্তু জমির মূল্য তুলনামূলক বেশি হওয়ায় কার্যক্রমে স্থবিরতা | ধীর অগ্রগতি | সরকার কর্তৃক জমি অধিগ্রহণ না করে, বিজিএমইএ'র উপর সার্বিক দায়িত্ব অর্পণ;<br>বিজিএমইএ কর্তৃক জমি ক্রয়ের সম্ভাবনায় জমির মূল্য কয়েকগুন বেড়ে যাওয়ায় কার্যক্রমে স্থবিরতা |

১.২ মালিক কর্তৃক কারখানা পরিচালনায় গৃহীত কার্যক্রম

| ক্রম | সমস্যা, অনিয়ম ও দুর্নীতি | অবস্থা (২০১৪) | অবস্থা (২০১৫) | অবস্থা (২০১৬) | অগ্রগতি | মন্তব্য /পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|---|
| ১১. | পরিচয় পত্রে জরুরি যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বর না থাকা | কোন উদ্যোগ নেই | অধিকাংশ কারখানায় পরিচয়পত্র প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে | অধিকাংশ কারখানায় পরিচয় পত্রে শ্রমিকের জরুরী যোগাযোগ এর ঠিকানা ও ফোন নম্বর সন্নিবেশিত করা হয়েছে | সম্পন্ন | ---- |
| ১২. | হাজিরা খাতা সংরক্ষণ না করা | ১৫. শ্রমিকের মাসিক হাজিরা ও বেতন শিট বিজিএমইতে নিয়মিত প্রদান | শ্রমিকের মাসিক হাজিরা ও বেতন শিট বিজিএমইতে নিয়মিত প্রদান করা হচ্ছে না | কোনো অগ্রগতি নাই | বাস্তবায়ন স্থবির | ২০১৪ সালে বিজিএমই কর্তৃক এই নিয়ম চালু করা হয়, পরবর্তীতে বিজিএমই এ নিয়ম শিথিল করেছে |
| ১৩. | দৈনিক অতিরিক্ত দুই ঘণ্টার বেশি (৫-৮ঘন্টা) কাজ করানো<br>অতিরিক্ত কর্মঘন্টার বেতন মাসিক বেতনের সাথে না দেওয়া | ১৬. অতিরিক্ত কর্মঘন্টার বেতন মাসিক বেতনের সাথে দেওয়ার প্রচলন | কর্মঘন্টার বেতন মাসিক বেতনের সাথে দেওয়ার প্রচলন চলমান | সম্পন্ন | সম্পন্ন | কোনো কোনো কারখানায় ২ ঘন্টার অতিরিক্ত কাজ করানো হলে তা বেতনের সাথে প্রদান না করা। |
| | | ১৭. অধিকাংশ কারখানায় অতিরিক্ত কর্মঘন্টা কাজ না করানোর প্রচেষ্টা | কোনো কোনো কারখানায় অতিরিক্ত এক ঘন্টা মজুরি বিহীন কাজ কারানোর প্রবণতা | টার্গেট বাড়িয়ে অতিরিক্ত কর্মঘন্টা নিয়মিত কর্মঘন্টা হিসেবে দেখানোর প্রবণতা। এ ক্ষেত্রে পান্চ মেশিনে পূর্বে নিয়মিত কর্মঘন্টা শেষে সাক্ষ্য রেখে পরবর্তি সময় কাজ করানো | বাস্তবায়ন স্থবির | শ্রমিকদের পক্ষ থেকে অতিরিক্ত কাজের সময়সীমা বৃদ্ধির চাহিদা রয়েছে<br>কিছু কারখানায় এক ঘন্টা অতিরিক্ত মজুরিবিহীন কাজ করানো বা টার্গেট বাড়িয়ে অতিরিক্ত কর্মঘন্টা নিয়মিত কর্মঘন্টা হিসেবে দেখানোর অভিযোগ<br>অতিরিক্ত কাজের ক্ষেত্রে রাতে যাতায়াতে নারী শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিতে কোনো পদক্ষেপ গ্রহণ করা হয় নি |
| | | ১৮. কারখানার অধিকাংশ শাখায় নিয়ম | বিজিএমই এর প্রভাবে অতিরিক্ত চার ঘন্টা কাজ | কারখানসমূহে অতিরিক্ত কর্মঘন্টা হিসেবে দুঘন্টা কাজ | সন্তোষজনক অগ্রগতি | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মাফিক অতিরিক্ত দু'ঘন্টা কাজ করানো | করানোর প্রজ্ঞাপন জারী | করানোর প্রবণতা বৃদ্ধি | | |
| ১৪. | কারখানা স্থাপনের অনুমোদন নেই এমন ভবনে (যেমন আবাসিক ও বাণিজ্যিক ভবন) কারখানা স্থাপন | ১৯. সরকার কর্তৃক জমি অধিগ্রহণ চলমান | অ্যাকর্ড, অ্যালায়েন্স ও বুয়েট কর্তৃক এ ধরনের কারখানার উৎপাদন বন্ধ করার উদ্যোগ গ্রহণ | ৩৯ টি কারখানা সম্পূর্ন বন্ধ ঘোষণা- অ্যাকর্ড (২৬), অ্যালায়েন্স (১০) ও জাতীয় উদ্যোগ (৩) টি<br><br>৪২টি কারখানা আংশিক বন্ধ ঘোষণা- অ্যাকর্ড (১৪) , অ্যালায়েন্স (১২) ও জাতীয় উদ্যোগ (১৬) টি | সন্তোষজনক অগ্রগতি | কারখানার অগ্নি ও ভবন নিরাপত্তায় বা টেকনিকাল কমপ্লায়েন্সের ক্ষেত্রে ইতিবাচক অগ্রগতি<br>-প্রায় শতভাগ প্রাথমিক জরিপ সম্পন্ন, রেমিডিয়েশন কার্যক্রমে সন্তোষজনক অগ্রগতি ৪৪%,<br>তবে জাতীয় উদ্যোগের অধীন ৩০০টি কারখানার শুধুমাত্র ক্যাপ প্রকাশ |
| ১৫. | অনেক ক্ষেত্রে বিকল্প সিঁড়ি ও মূল সিঁড়ির দুর্বল কাঠামো ও নির্ধারিত মান ও স্থানে না হওয়া<br>বিদ্যুৎ সংযোগে অনিয়ম | ২০. কাঠামোগত, বৈদ্যুতিক সমস্যা চিহ্নিত করার জন্য এনটিসি আওতায় অ্যাকর্ড, অ্যালায়েন্স ও বুয়েট কর্তৃক জরিপ চলমান | ৩২ টি কারখানা সম্পূর্ন বন্ধ ঘোষণা- অ্যাকর্ড (২৬), অ্যালায়েন্স (৫) ও বুয়েট (১) টি<br>২১টি কারখানা আংশিক বন্ধ ঘোষণা- অ্যাকর্ড (৮), অ্যালায়েন্স (৮) ও বুয়েট (৫) টি | | সন্তোষজনক অগ্রগতি | নতুন কারখানা স্থাপনে এ সকল বিষয় কঠোর ভাবে নিয়ন্ত্রণ করা হচ্ছে |
| ১৬. | স্বাস্থ্য কেন্দ্র ও কল্যাণ কর্মকর্তা না থাকা | ২১. অধিকাংশ কারখানায় আইনের এ বিধান বাস্তবায়নের প্রচলন শুরু হয়েছে | অধিকাংশ কম্প্লায়েন্স কারখানায় স্বাস্থ্য কেন্দ্র স্থাপন ও কল্যান কর্মকর্তা নিয়োগ করা হয়েছে | সকল কমপ্লায়েন্স কারখানায় স্বাস্থ্য কেন্দ্র ও কল্যাণ কর্মকর্তা নিয়োগ<br><br>অধিকাংশ কারখানায় কল্যাণ কর্মকর্তা হিসেবে নারী কর্মকর্তা নিয়োগ | সন্তোষজনক অগ্রগতি | স্বাস্থ্য কেন্দ্রে প্রশিক্ষিত ডাক্তারের পরিবর্তে শুধুমাত্র সেবিকা দ্বারা স্বাস্থ্য বিষয়ে পরামর্শ প্রদানের অভিযোগ<br>স্বাস্থ্য কেন্দ্রে প্রয়োজনীয় যন্ত্রপাতি না থাকা<br>শুধুমাত্র নাপা বা প্যারাসিটামল জাতীয় ওষুধ দ্বারা সকল অসুখের চিকিৎসা করানোর অভিযোগ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| ১৭. | ট্রেড ইউনিয়নের পরিবর্তে অংশগ্রহণকারী কমিটির ওপর গুরুত্ব আরোপ এবং ট্রেড ইউনিয়ন করতে নিরুৎসাহিত করা | ২২. ৩০% শ্রমিকের স্বাক্ষরে ট্রেড ইউনিয়ন গঠন | ট্রেড ইউনিয়ন গঠনের আবেদন যাচাইয়ের ক্ষেত্রে কোনো কোনো মালিক কর্তৃক কারখানায় প্রকৃত শ্রমিকের সংখ্যার তুলনায় শ্রমিক সংখ্যা বেশি দেখানো<br>শ্রম পরিদপ্তরের কোনো কোনো কর্মকর্তার মাধ্যমে নিবন্ধনের পূর্বেই ট্রেড ইউনিয়ন কর্মীদের সম্পর্কে তথ্য প্রাপ্তি এবং এর প্রেক্ষিতে মালিক কর্তৃক সংশ্লিষ্ট নেতা ও শ্রমিকদের চাকুরিচ্যুতি সহ বিভিন্ন নিপীড়ন করা | অগ্রগতি নেই | বাস্তবায়ন স্থবির | ইউনিয়ন/ফাউন্ডেশনের সাথে জড়িত শ্রমিকদের চিহ্নিত করে হয়রানি/মামলার ভয়/ চাকুরিচ্যুতি<br>ট্রেড ইউনিয়ন বন্ধে মালিক কর্তৃক নিজস্ব তত্ত্বাবধায়নে শ্রমিকদের দিয়ে দল গঠন এবং তাদের মাধ্যমে ট্রেড ইউনিয়ন কর্মীদের মানসিক নির্যাতন ও শারীরিক অত্যাচার করা |
| ১৮. | বিশ্রামাগার, বিশুদ্ধ খাবার পানি, পর্যাপ্ত টয়লেট, ক্যান্টিন, চিকিৎসা সুবিধা, পর্যাপ্ত ফ্যান ও চলাচলের জায়গা ও বর্জ্য পরিশোধনাগারের অভাব/ অনুপস্থিতি | ২৩. এ সকল বিষয়ে বায়ার প্রতিনিধি ও পরিদর্শকদের পর্যবেক্ষণে ইতিবাচক অগ্রগতি | ইতিবাচক অগ্রগতি চলমান | ইতিবাচক অগ্রগতি চলমান | সন্তোষজনক অগ্রগতি | নারী ও পুরুষের জন্য আলাদা টয়লেটের ব্যবস্থা না করা |

১.৩ মালিক সংগঠন (বিজিএমইএ) কর্তৃক গৃহীত ও বাস্তবায়নাধীন পদক্ষেপ

| ক্রম | সমস্যা, অনিয়ম ও দুর্নীতি | অবস্থা (২০১৪) | অবস্থা (২০১৫) | অবস্থা (২০১৬) | অগ্রগতি | মন্তব্য /পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|---|
| ১৯. | বেসরকারি প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও সরকারি কর্তৃত্ব চর্চা (ইউডি প্রদান) | কোন উদ্যোগ নেই | কোন উদ্যোগ নেই | কোন উদ্যোগ নেই | - | অপরিবর্তিত |
| ২০. | অগ্নি নিরাপত্তা ও কমপ্লায়েন্স বিষয়ে সমন্বিত অপর্যাপ্ত প্রশিক্ষণ | ২৪. কারখানার মধ্যমসারির কর্মকর্তা ও তত্ত্বাবধায়কদের অগ্নি নিরাপত্তা বিষয়ক ক্রাস কোর্স চালু এবং এ লক্ষ্যে ৩৫ জন প্রশিক্ষক নিয়োগ | ১৩৫৯ টি ক্রাশ কোর্স পরিচালনা এবং ৫৪,২৪০ জন প্রশিক্ষণ গ্রহণ | আইএলওর সহযোগিতায় বিজিএমইএ'র একটি অকুপেশনাল সেফটি এবং হেলথ ট্রেনিং প্রোগ্রাম পরিচালনা- ১১৪ মাস্টার ট্রেইনারকে ট্রেনিং প্রদান এবং তাদের মাধ্যমে আরও ৮ হাজার ট্রেইনার তৈরির লক্ষমাত্রায় প্রশিক্ষণ চলমান<br><br>ক্রাশ কোর্সের মাধ্যমে এ পর্যন্ত ১০৩,০৬৮ জন শ্রমিক এবং ২০,১৮৮ জন মধ্যমসারীর কর্মকর্তাকে অগ্নি নিরাপত্তা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | সন্তোষজনক অগ্রগতি | চলমান রয়েছে |
| ২১. | পোশাক খাতের শ্রমিকদের তথ্য ভান্ডার না থাকা | ২৫. বিজিএমইএ কর্তৃক তথ্য ভান্ডার করার উদ্যোগ গ্রহণ | কার্যক্রম বন্ধ রয়েছে | কার্যক্রম চালু হয়েছে | সন্তোষজনক অগ্রগতি | মালিকদের সম্মিলিত অর্থায়নে তথ্যভান্ডার তৈরির কাজ শুরু<br>প্রায় ৩০-৩৫% কার্যক্রম সমাপ্ত<br>-মাত্র ৫২৫টি (প্রায় ১৫%) কারখানার তথ্য সংরক্ষণ<br>- ৩০ এপ্রিল ২০১৬ নতুন ডেডলাইন |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | নির্ধারণ |
| ২২. | নীতি-নির্ধারণী পর্যায়ে রাজনৈতিক প্রভাব:<br>(উৎস করের হার ১.২০ % কমিয়ে ০.৮০ % করা, আইন ও নীতি সংস্কারে বিজিএমইএ কর্তৃক লবিইস্টের নিয়োগ ) | কোন উদ্যোগ নাই<br>রাজনৈতিক প্রভাব বৃদ্ধি-<br>রপ্তানিমূল্যের ওপর দশমিক ২৫% হারে নগদ সহায়তা, উৎস কর ০.৮% থেকে কমিয়ে ০.৪% নির্ধারণ এবং নতুন বাজারে পণ্য রপ্তানির ক্ষেত্রে বিদ্যমান ২% নগদ সহায়তা বাড়িয়ে ৩% করা | কোনো উদ্যোগ নাই<br>রাজনৈতিক প্রভাব বৃদ্ধি-<br>রপ্তানিমূল্যের ওপর দশমিক ২৫ % থেকে বাড়িয়ে ১ % ও টেলিগ্রাফিক ট্রান্সফারের ক্ষেত্রে ৫ % হারে নগদ সহায়তা নির্ধারণ, উৎস কর ০.৮ % থেকে কমিয়ে ০.৩ % নির্ধারণ এবং নতুন বাজারে পণ্য রপ্তানির ক্ষেত্রে নগদ সহায়তা ৩ %<br>কারখানার ছাদে ২৫% স্থাপনা রাখার প্রজ্ঞাপন জারি | টেলিগ্রাফিক ট্রান্সফারের ক্ষেত্রে ৫ % থেকে বাড়িয়ে ৫.২৫ % নগদ সহায়তা নির্ধারণ এবং উৎস কর ০.৩ % থেকে বাড়িয়ে ০.৬ % নির্ধারণ | বাস্তবায়ন স্থবির | তৈরি পোশাক মালিকদের জন্য প্রস্তাবিত উৎস কর ০.৮% থেকে কমিয়ে ০.৬% করা |
| ২৩. | বিরোধ নিষ্পত্তিতে অনিয়ম , পছন্দনীয় শ্রমিক নেতাদের মাধ্যমে .শ্রমিকদের দাবি অবদমিত করা | ২৬. শিল্প মন্ত্রণালয়ে বিরোধ নিষ্পত্তি সেল গঠনের সিদ্ধান্ত | সরকার কর্তৃক অল্পসংখ্যক কারখানায় পরীক্ষামূলকভাবে বিরোধ নিষ্পত্তির জন্য সাপোর্ট লাইন স্থাপনের সিদ্ধান্ত<br>বিরোধ নিষ্পত্তিতে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১০০ (শ্রমিক, কারখানা কর্মকর্তা, শ্রম পরিদপ্তরের কর্মকর্তা এবং ট্রেড ইউনিয়ন লিডার) জনকে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম চলমান | শিল্প মন্ত্রণালয় কর্তৃক বিরোধ নিষ্পত্তি সেল গঠনের প্রক্রিয়া স্থবির | বাস্তবায়ন স্থবির | বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক কোনো কার্যক্রম গৃহীত হয় নি<br>বিরোধ নিষ্পত্তিতে বিজিএমইএ'তে কনসিলিয়েশন কাম আরবিট্রেশন কমিটি কাজ করছে।<br>১৯৯৮ সাল হতে এ পর্যন্ত মোট ৯,২৫০টি বিরোধ নিষ্পত্তি<br>- |

১.৪ কলকারখানা অধিদপ্তর কর্তৃক গৃহীত ও বাস্তবায়নাধীন পদক্ষেপ

| ক্রম | সমস্যা, অনিয়ম ও দুর্নীতি | অবস্থা (২০১৪) | অবস্থা (২০১৫) | অবস্থা (২০১৬) | অগ্রগতি | মন্তব্য /পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|---|
| ২৫. | অপর্যাপ্ত জনবল- ৩১৪ জন (মঞ্জুরিকৃত ১০৩ জন কারখানা পরিদর্শকের মধ্যে কর্মরত ৫৬ জন)<br>ঢাকা অঞ্চলে পরিদর্শক ২২ জন্ | ২৭. ২০০ জন পরিদর্শক নিয়োগ প্রক্রিয়াধীন | ২৩৭ জন পরিদর্শক নিয়োগ দেওয়া হয়েছে- বর্তমানে পরিদর্শক সংখ্যা ৫৭৫ জন | সম্পন্ন | বাস্তবায়ন সম্পন্ন | প্রথম শ্রেনীর পরিদর্শক ২১১ জন এবং দ্বিতীয় শ্রেনীর পরিদর্শক ৩৬৪ জন<br>নারী পরিদর্শক ১১% থেকে ২০% এ বৃদ্ধি<br>সারা দেশে প্রায় ৮০ লক্ষ প্রতিষ্ঠান পরিদর্শনে পরিদর্শক সংখ্যা অপ্রতুল |
| ২৬. | পরিদর্শকদের যোগ্যতা (কর্মরত পরিদর্শকদের মধ্যে ন্যূনতম এসএসসি ডিগ্রিধারী ) | ২৮. পরিদর্শকের নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষাগত যোগ্যতা উচ্চতর করা (স্নাতকোত্তর/বিসিএস ইঞ্জি./এমবিবিএস) | বিসিএস পরীক্ষায় উত্তীর্ন অপেক্ষমান তালিকা হতে প্রথম শ্রেনীর ১৫-২০ জন পরিদর্শক নিয়োগ প্রদান | সম্পন্ন | বাস্তবায়ন সম্পন্ন | - |
| ২৭. | প্রধান কার্যালয় সহ সারাদেশে মোট অফিস ৩২টি<br>কারখানা অধ্যুষিত অঞ্চলে অফিস না থাকা | ২৯. প্রধান কার্যালয় সহ সারাদেশে মোট অফিস ৭২টি<br>৩০. পোশাক অধ্যুষিত ঢাকা অঞ্চলে ৫টি নতুন অফিস স্থাপন | প্রথম ধাপে ২৩টি অফিসের কার্যক্রম শুরু এবং প্রয়োজনীয় জনবল নিয়োগ প্রদান করা হয়েছে | সম্পন্ন | বাস্তবায়ন সম্পন্ন | - |
| ২৮. | কারখানা সংক্রান্ত তথ্য ভান্ডার না থাকা<br>সনাতনি তথ্য ব্যবস্থাপনা | ৩১. অধিদপ্তর নিজস্ব ওয়েব সাইট উম্মুক্তকরণ<br>৩২. কারখানার সংক্রান্ত প্রকাশ্য তথ্য ভান্ডার গঠন | অগ্নি ও ভবনের নিরাপত্তা সংক্রান্ত তথ্য সংযুক্ত করা হয়েছে<br>জরিপকৃত কারখানার অ্যাকর্ড (৫২২), অ্যালায়েন্স (১১৪) ও বুয়েট (১৬৬) কর্তৃক | ৪৬০৬টি তৈরি পোশাক কারখানার প্রাথমিক তথ্য সংযুক্ত করা হয়েছে<br>অগ্নি ও ভবন নিরাপত্তা সংক্রান্ত তথ্য সংযুক্ত করা হয়েছে | সন্তোষজনক অগ্রগতি | অ্যাকর্ডের পরিদর্শিত ৫৪%, অ্যালায়েন্সের পরিদর্শিত ৬৮% ও জাতীয় উদ্যোগ কর্তৃক পরিদর্শিত ১০০% কারখানার নিরাপত্তা সংক্রান্ত তথ্য প্রকাশ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | জরিপকৃত কারখানার তথ্য প্রকাশ<br><br>‘পরিদর্শন নথি প্রদান’ কমিটি গঠন | অ্যাকর্ড (৭৪৫), অ্যালায়েন্স (৫৬৬) ও জাতীয় উদ্যোগ (১৫৪৯) কর্তৃক জরিপকৃত কারখানার তথ্য প্রকাশ | | |
| | | ৩৩. আইএলও কর্তৃক দাতা সংস্থার সহযোগিতায় অধিদপ্তরের সক্ষমতা, প্রশিক্ষণ, অবকাঠামোগত আধুনিকীকরণ ও অফিস অটোমেশনের জন্য কর্মসূচি বাস্তবায়নাধীন | অফিস অটোমেশনের কার্যক্রম চলমান<br><br>‘ডাটাবেজ ও তথ্য ব্যবস্থাপনা’ কমিটি গঠন<br><br>বার্ষিক বাজেট ২৪৮২ লক্ষ টাকা থেকে ৭২৫০ লক্ষ টাকা করা হয়েছে | অফিস অটোমেশনের কার্যক্রম চলমান<br><br>অধিদপ্তর কর্তৃক ২৩ টি বিষয়ের তথ্য ডিজিটালাইজড পদ্ধতিতে সংরক্ষণ করার পরিকল্পনা<br><br>কারখানা পরিদর্শনে পরিদর্শকদের পরিদর্শন রিপোর্ট ও পরিদর্শন স্থান, কাল পরিবীক্ষনের জন্য ২৮৭ টি ট্যাব প্রদান<br><br>আইএলও’র সহযোগিতায় কম্পিউটার বেজড রিপোর্টিং মেকানিজম তৈরি চলমান। | সন্তোষজনক অগ্রগতি | ২০১৪-২০১৫ এ বার্ষিক বাজেট ২৭০% বৃদ্ধি ৬.২৯ কোটি টাকা থেকে ২৩.৩০ কোটি টাকা নির্ধারণ<br><br>২০১৫-২০১৬ এ বার্ষিক বাজেট ৩৫% বৃদ্ধি ২৩.৩০ কোটি টাকা থেকে ৩১.৫০ কোটি নির্ধারণ<br><br>আইএলও’র অর্থায়নে ঠিকাদার নিয়োগ প্রক্রিয়া চলমান |
| | | ৩৪. কলকারখানা অধিপ্তরের কমপ্লায়েন্স বিষয়ক অভিযোগের জন্য হট-লাইন স্থাপন | হটলাইন স্থাপন করা হয়েছে | সম্পন্ন | বাস্তবায়ন সম্পন্ন | ‘হটলাইন’ স্থাপন সম্পন্ন হলেও, এ সংক্রান্ত যথেষ্ঠ প্রচারণার অভাব রয়েছে<br><br>হটলাইনের কার্যকরতা বৃদ্ধিতে প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক সক্ষমতার অভাব রয়েছে<br>২০১৫ সালে-<br><br>-মোট অভিযোগের সংখ্যা ৯৯৯টি<br><br>-নিষ্পত্তি ১৩৭টি; প্রক্রিয়াধীন ৫৮১টি |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৯. | নিজস্ব প্রশিক্ষণ ব্যবস্থার অভাব<br>লজিস্টিক স্বল্পতা | ৩৫. আইএলও কর্তৃক শ্রমিক অধিকার, কর্ম পরিবেশ ও নিরাপত্তা সংক্রান্ত প্রশিক্ষণের উদ্যোগ<br>৩৬. পরিদর্শকদের জন্য যানবাহনের ব্যবস্থা | ২৩৫ জন নতুন নিয়োগকৃত পরিদর্শকদের সূচনা প্রশিক্ষণ প্রদান<br>গতিশীলতা ও সক্ষমতা বৃদ্ধিতে ২৮৪ জন প্রশিক্ষককে দেশি-বিদেশি ২৫ টি প্রশিক্ষণ প্রদান<br>'প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি' কমিটি গঠন<br>আইএলও কর্তৃক ৯৫ টি হোন্ডা, ৩৭ টি ডেস্কটপ কম্পিউটার, ৮ টি প্রিন্টার ২ টি ল্যাপটপ, ২টি ফ্যাক্স মেশিন, ২টি মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ৬ টি ফটোকপি মেশিন প্রদান এবং জিআইজেড কর্তৃক ২০ টি হোন্ডা প্রদান | সরকার, আইএলও ও জিআইজেড এর সহযোগিতায় বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান -<br>-৯৩৮ জন কর্মকর্তা ও কর্মচারীকে দেশ ও বিদেশে ৪৭ টি প্রশিক্ষণ প্রদান<br>-৯৮ জন পরিদর্শক ২০ টি দেশে বিভিন্ন প্রশিক্ষণ এ অংশগ্রহণ<br>-ডেনমার্ক সরকারের সহযোগিতায় যন্ত্রপাতি নিরাপত্তা, কেমিক্যাল নিরাপত্তা, স্ট্রাকচারাল নিরাপত্তা, দুর্ঘটনা প্রতিরোধ ও কর্মদক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এর পরিকল্পনা<br>সকল পরিদর্শককে অ্যান্টি করাপশন ট্রেনিং প্রদান<br>সরকার, আইএলও ও জিআইজেড এর সহায়তায়<br>১৯ টি গাড়ি, ২১৪ টি মোটরসাইকেল, ৪০ টি স্কুটি, ১৬৫ টি ডেস্কটপ কম্পিউটার, ৬৯ টি প্রিন্টার, ৩৪ টি ল্যাপটপ, ৯ টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, ২৩ ফটোকপি মেশিন প্রদান | সন্তোষজনক অগ্রগতি | পোশাক অধ্যুষিত অঞ্চলে পরিদর্শন কাজের জন্য ১২টি গাড়ি ক্রয় প্রক্রিয়াধীন<br>মালিকদের কোনো গাড়ি ব্যবহার এর প্রমাণ পেলে পরিদর্শককে শাস্তির আওতায় আনা হবে এমন নীতিগত সিদ্ধান্ত গ্রহণ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩০. | পরিদর্শন কার্যের কার্যকর জবাবদিহিতার ব্যবস্থা না থাকা (পরিদর্শকদের সবাই একই পদে হওয়া) | ৩৭. কেন্দ্রীয় অফিস হতে বিভিন্ন আঞ্চলিক অফিসে ক্ষমতা ও কর্তৃত্ব বিকেন্দ্রিকরণ<br>৩৮. কার্যকর জবাবদিহিতা কাঠামোর জন্য পরিদর্শক পদে তিনটি স্তর সৃষ্টি (উপ-মহাপরিদর্শক, সহকারী মহা পরিদর্শক ও পরিদর্শক) | আঞ্চলিক অফিসে কার্যক্রম শুরু করা হয়েছে<br>কার্যকর জবাবদিহিতা নিশ্চিতে পরিদর্শক পদে তিনটি স্তর সৃষ্টি করা হয়েছে<br>'জবাবদিহিতা ও পরিবীক্ষণ' কমিটি গঠন | অধিদপ্তরের ৫০% জনবল ৪টি শিল্প অঞ্চলে নিয়োগ প্রদান<br>জবাবদিহিতা নিশ্চিতে পরিদর্শন এর রিপোর্ট তাৎক্ষনিক প্রেরণে পরিদর্শকদের ট্যাব এর ব্যবস্থা<br>আইএলও'র সহযোগিতায় স্টান্ডার্ড অপারেশনাল পলিসি (এসওপি) তৈরির কার্যক্রম চলমান এবং ইন্সপেকশন ম্যানুয়াল তৈরি চলমান।<br>পরিদর্শকদের জন্য 'কোড অব ইথিকস' প্রস্তুতি চলমান | সন্তোষজনক অগ্রগতি | সার্বিক কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার উদ্দেশ্যে ৭ টি কমিটি গঠন- প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি, ডাটাবেজ ও তথ্য ব্যবস্থাপনা, পরিদর্শন নথি প্রদান, মানসম্পন্ন পরিচালনা, নিয়ম ও সচ্ছতা, জবাদিহিতা ও পরিবীক্ষণ ও ওএসএইচ কমিটি গঠন |
| | | ৩৯. অভিযুক্ত সাত পরিদর্শকের বিরুদ্ধে বিভাগীয় মামলা পরিচালনা ও সাময়িক বরখাস্ত | তাজরিন অগ্নিকান্ডে অভিযুক্ত একজন পরিদর্শক চাকুরি হতে বরখাস্ত<br>রানাপ্লাজা দুর্ঘটনায় অভিযুক্ত পরিদর্শকদেও অভিযোগ হতে অব্যহতি প্রদান | সম্পন্ন | বাস্তবায়ন সম্পন্ন | রানাপ্লাজা দুর্ঘটনা অবকাঠামোগত দুর্ঘটনা যা অধিদপ্তরের এখতিয়ার বহির্ভূত এ যুক্তিতে অভিযুক্তদের অব্যাহতি দেওয়া |
| ৩১. | অতিরিক্ত টাকার বিনিময়ে কারখানা নিবন্ধন ও নবায়ন<br>ফ্লোর সেটআপ ছাড়পত্র প্রদানে অনিয়ম | ৪০. কারখানা নিবন্ধন ও নবায়নের ক্ষেত্রে অনলাইনে আবেদন গ্রহণের উদ্যোগ নেওয়া হয়েছে | কারখানা নিবন্ধন ও নবায়নের ক্ষেত্রে অনলাইনে আবেদন গ্রহণ কার্যক্রম শুরু করা হয়েছে | সম্পন্ন | বাস্তবায়ন সম্পন্ন | অনলাইনে আবেদন গ্রহণ শুরু, তবে বাধ্যতামূলক না করায় সাড়া প্রদানের হার কম<br>অনলাইন আবেদন সংক্রান্ত অ্যাপসমূহ কার্যকর নয় |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩২. | অনেক ক্ষেত্রে পরিদপ্তর কর্তৃক মালিকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গস্থহণ না করা<br>মামলায় অভিযোগ প্রমাণে যুক্তি-তর্ক উপস্থাপনে ব্যর্থতা | ৪১. বিভিন্ন কারখানার বিরুদ্ধে অধিদপ্তর কর্তৃক ৪০০ মামলা চলমান<br>৪২. নিজস্ব আইনজীবী নিয়োগের উদ্যোগ আলোচনাধীন | বিভিন্ন কারখানার বিরুদ্ধে অধিদপ্তর কর্তৃক ৪৯৮ মামলা চলমান<br>নিজস্ব আইনজীবী নিয়োগ করা হয়েছে | বিভিন্ন তৈরি পোশাক কারখানায় ২১৩ টি মামলা প্রদান | সন্তোষজনক অগ্রগতি | কলকারখানা পরিদর্শনের আওতাধিন বিভিন্ন কারখানা, দোকান ও প্রতিষ্ঠানে ২২৪০ টি মামলা প্রদান এবং ৪,৬৮,৮১,০০০ কোটি টাকা রাজস্ব আদায়। |

১.৫ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক গৃহীত ও বাস্তবায়নাধীন পদক্ষেপ

| ক্রম | সমস্যা, অনিয়ম ও দুর্নীতি | অবস্থা (২০১৪) | অবস্থা (২০১৫) | অবস্থা (২০১৫) | অগ্রগতি | মন্তব্য /পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|---|
| ৩৩. | অপর্যাপ্ত জনবল (ঢাকা বিভাগে ১৫ জন পরিদর্শক) ও সক্ষমতার ঘাটতি<br><br>আধুনিক যন্ত্রপাতির অভাব | ৪৩. ২১৮ জন নতুন ওয়ার হাউস ইন্সপেক্টর নিয়োগের অনুমোদন | ২১৮ জন নতুন ওয়ার হাউস ইন্সপেক্টর নিয়োগ সম্পন্ন | সম্পন্ন | বাস্তবায়ন সম্পন্ন | বর্তমানে ইন্সপেক্টর সংখ্যা ২৬৮ জন |
| | | ৪৪. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে ১৬২ কোটি টাকার প্রকল্প বিবেচনাধীন<br><br>৪৫. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে ১৫০ কোটি টাকার প্রকল্প বাস্তবায়নাধীন | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে ১৯৮ কোটি টাকার প্রকল্প অনুমোদন<br><br>বাংলাদেশ ব্যাংকের আর্থিক অনুদানে ১ কোটি টাকার উদ্ধার সরঞ্জাম ক্রয়<br><br>চীন সরকারের অনুদানে ৫০ টি অ্যাম্বুলেন্স, ১০০টি টোয়িং ভেহিকেল ( পাম্প টানা গাড়ি) এবং ১৫০টি হুইলার ওয়াটার মিষ্ট এবং অন্যান্য সরঞ্জামাদি প্রদান<br><br>দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রনালয়ের সিডিএমপির আওতা ২০ সেট এবং নিজস্ব অর্থায়নে ২৫ সেট উদ্ধার সরঞ্জাম | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে ১৯৮ কোটি টাকার প্রকল্প চলমান<br><br>আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধির জন্য ২০০ কোটি টাকার আধুনিক যন্ত্রপাতি ক্রয় চলমান<br><br>অনলাইন বেজড ফায়ার লাইসেন্স ইস্যু/নবায়ন করণ, ড্রিল ও প্যাকেজ ট্রেনিং এর আবেদন, ফায়র রিস্ব অ্যাসেসমেন্ট এর আবেদন প্রক্রিয়াকরণ, বহুতল ভবনের অনাপত্তি ছাড়পত্রের আবেদন প্রক্রিয়াকরণ, সিএনজি/ ফিলিং স্টেশনের অনাপত্তি অবেদন প্রক্রিয়াকরণ এর ব্যবস্থা করা হয়েছে। | সন্তোষজনক অগ্রগতি | আর্মি, পুলিশ ও ফায়ার সার্ভিসের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালায়ের অধীনে একটি প্রকল্পের মাধ্যমে সমন্বিত ভাবে বিভিন্ন সরঞ্জামাদি ক্রয় চলমান<br><br>অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা, ২০১৪ পাশ করা হলেও, পরবর্তীতে তা স্থগিত<br><br>২০১৪ এর বিধিমালায় নির্ধারিত ফি ও অন্যান্য শর্তের উপর বিভিন্ন পক্ষের আপত্তির কারণে তা পুনরায় বিশ্লেষণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ<br><br>১৯৬১ সালের বিধিমালা অনুযায়ী ফি গ্রহণ করায় অপেক্ষাকৃত কম রাজস্ব প্রাপ্তি<br><br>মোবাইল কোর্ট পরিচালনায় ম্যাজিস্ট্রেট স্বল্পতা বিদ্যমান |
| ৩৪. | পোশাক কারখানা অধ্যুষিত এলাকায় অগ্নি নির্বাপক স্টেশন না থাকা | ৪৬. পোশাক কারখানা অধ্যুষিত ঢাকা অঞ্চলে ৯টি নতুন ফায়ার স্টেশন স্থাপনের সিদ্ধান্ত | ভূমি অধিগ্রহণ কার্যক্রমে স্থবিরতা | ঢাকা, চট্রগ্রাম ও নারায়নগঞ্জে জমি নিয়ে জটিলতায় কার্যক্রমে স্থবিরতা | ধীর অগ্রগতি | কার্যক্রমে স্থবিরতা লক্ষণীয় |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩৫. | ব্যক্তিগত সুবিধার বিনিময়ে ত্রুটিপূর্ণ ভবনে অগ্নি নিরাপত্তা সনদ প্রদান<br>অগ্নি নির্বাপক যন্ত্র বা জলাধার না থাকা, টিনের ছাদ, বিকল্প সিঁড়ির অনুপস্থিতি, অপর্যাপ্ত নির্গমন দরজা ইত্যাদি অনিয়মের ক্ষেত্রে পরিদর্শনে অর্থের বিনিময়ে ছাড় দেওয়া | ৪৭. তাজরিন ফ্যশনের দুর্ঘটনা পরবর্তী ১১০০ কারখানা পরিদর্শন (চলমান),<br>ত্রুটিপূর্ণ কারখানায় আর্থিক জরিমানা | এ বছর ১২৫ টি কারখানা পরিদর্শন<br><br>ফায়ার সার্ভিস গাইডলাইন প্রণয়ন সেপ্টেম্বর ২০১৪ সালে। পরবর্তীতে এ গাইড লাইন বাতিল করা হয় | অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ বিধিমালা স্থগিত রাখা<br><br>এ বছর ১০০২ টি কারখানা পরিদর্শন | বাস্তবায়ন স্থবির | নিয়ন্ত্রণমূলক কার্যক্রম পরিচালনা করা থেকে বিরত থাকা<br><br>তৈরি পোশাক কারখানায় ক্যাপ বাস্তবায়ন পরিদর্শনের জন্য সক্ষমতা বৃদ্ধিতে আইএলও'র সহযোগিতায় ফায়ার সার্ভিস ও কলকারখানা পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শকদের সমন্বয়ে কর্মসভা আয়োজনের পরিকল্পনা গ্রহণ |
| ৩৬. | অগ্নি নিরাপত্তা নিশ্চিতে কারখানা পর্যায়ে সক্ষমতা ও সচেতনতার অভাব | ৪৮. অগ্নি নিরাপত্তা ঝুঁকি ও প্রতিরোধে স্ব-মূল্যায়ন পদ্ধতি উন্নয়নে মালিক, শ্রমিক ও ইউনিয়ন প্রতিনিধির সক্ষমতা কার্যক্রম<br><br>৪৯. ট্রেড ইউনিয়ন নেতাদের অগ্নি নিরাপত্তা প্রশিক্ষণ | প্রশিক্ষণের আওতায় ১২২ টি মহড়া সম্পন্ন | প্রশিক্ষণের আওতায়<br>২২১ টি মহড়া,<br>২২৩২ টি প্যাকেজ প্রশিক্ষণ এর মাধ্যমে ৮৯,২৮০ জনকে প্রশিক্ষণ প্রদান,<br>এছাড়া ১০৬ টি সার্ভে পরিচালনা করা হয়েছে | সন্তোষজনক অগ্রগতি | - |

### ১.৬ রাজউক কর্তৃক গৃহীত ও বাস্তবায়নাধীন পদক্ষেপ

| ক্রম | সমস্যা, অনিয়ম ও দুর্নীতি | অবস্থা (২০১৪) | অবস্থা (২০১৫) | | অগ্রগতি | মন্তব্য /পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|---|
| ৩৭. | কেন্দ্রীয় অনুমোদন ও তদারকি প্রক্রিয়া | ৫০. রাজউক কার্যক্রম বিকেন্দ্রিকরণ -৮টি জোনে বিভক্ত করে ২৪টি সাব-জোনে কার্যক্রম শুরুর সিদ্ধান্ত<br><br>৫১. ৮টি বিসি কমিটি ও উঁচু ভবনের জন্য ২টি বিশেষ বিসি কমিটি পুনর্গঠন | ৮ টি জোনে ও ২৪ টি সাব জোনে বিভক্ত করা হয়েছে<br>৮ টি জোনে অথরাইজড অফিসার নিয়োগ সম্পন্ন করা হয়েছে | ৮ টি জোনে ৩ টি করে ২৪ টি ও প্রধান কার্যলয়ের ২ টি সহ ২৬ টি বিসি কমিটি গঠন এবং অনুমোদন ও তদারকি প্রক্রিয়া বিকেন্দ্রিকরণের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে | বাস্তবায়ন সম্পন্ন | নকশা অনুমোদন প্রক্রিয়ার গতি তরান্বিত ও ৪৫ দিনের ভিতর অনুমোদন সম্পন্ন করা হচ্ছে |
| ৩৮. | জনবল স্বল্পতা-<br>অথরাইজড অফিসার-৪ জন<br>সহকারী অথরাইজড অফিসার পদ ছিল না<br>প্র. ইমারত পরিদর্শক - ৮জন<br>ইমারত পরিদর্শক - ৬০ জন সহ নগর পরিকল্পনাবিদ পদ ছিল না | ৫২. নকশা অনুমোদন ও তদারকি সংশ্লিষ্ট কাজে জনবল নিয়োগ-<br>অথরাইজড অফিসার-২০ জন<br>সহকারী অথরাইজড অফিসার-৩০জন<br>প্র. ইমারত পরিদর্শক-২২ জন<br>ইমারত পরিদর্শক -১২২ জন<br>সহ নগর পরিকল্পনাবিদ- ১৭ জন | অথরাইজড অফিসার-৩০ জন<br>প্র.ইমারত পরিদর্শক-২২ জন নিয়োগ প্রক্রিয়া চলমান | প্রধান পরিদর্শক ২২ জনের ভিতর ৭ জন এবং সহকারি পরিদর্শক ১২২ জনের ভিতর ২০ জনকে নিয়োগ প্রদান সম্ভব হয়েছে। | ধীর অগ্রগতি | যোগ্য প্রার্থী না পাওয়ায় প্রয়োজনীয় জনবল নিয়োগ দেওয়া সম্ভব হয় নি |
| ৩৯. | লজিস্টিক স্বল্পতা ও সনাতনী অফিস ব্যবস্থাপনা | ৫৩. অফিস অটোমেশন বিবেচনাধীন<br>যানবাহন ক্রয় প্রক্রিয়াধীন | আইএফসির সহযোগিতায় প্লানিং ও অনুমোদন শাখা সহ সকল শাখা অটোমেশন প্রাক্রিয়া চলমান<br>ডিজিটাল আর্কাইভ, ডাটা সেন্টার ও প্লটবেজ ল্যান্ড রেকর্ড সিস্টেম কার্যক্রম সমাপ্ত | কর্মকর্তা ও কর্মচারিদের ল্যান সুবিধা প্রদান করা হয়েছে, ডিজিটাল নথি নম্বর চালু করা হয়েছে, এবং রাজউকের তথ্য উপাত্ত ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। | সন্তোষজনক অগ্রগতি | – |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪০. | শিল্প ও বাণিজ্যিক ভবনের জন্য 'বিশেষ উন্নয়ন প্রকল্প ছাড়পত্র' এবং 'ব্যবহার সনদ' প্রদানে গাফিলতি | ৫৪. ব্যবহার সনদগ্রহণের আহ্বানে মাত্র শ'খানেক আবেদন | ব্যবহার সনদ গ্রহন না করলে বিদ্যুৎ সংযোগ না দেওয়ার পরিকল্পনা | ব্যবহার সনদ গ্রহণে অথরাইজড অফিসার কর্তৃক ভবন মালিকদের চিঠি প্রদান | ধীর অগ্রগতি | সিদ্ধান্ত বাস্তবায়নে কোনো কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয় নি<br>ব্যবহার সনদ গ্রহণে অথরাইজড অফিসার কর্তৃক ভবন মালিকদের কেবলমাত্র চিঠি প্রদান<br>আইন প্রয়োগে শিথিলতার অভিযোগ |
| ৪১. | ভূমি ব্যবহার অনুমোদন প্রক্রিয়ায় দুর্নীতি<br>নির্মাণ নকশা অনুমোদনের বিভিন্ন পর্যায়ে ঘুষ ও তদবির<br>নির্মাণস্থল পরিদর্শন না করে ভূমি ব্যবহার ও নির্মাণ অনুমোদন ছাড়পত্র প্রদান<br>হয়রানি, সময়ক্ষেপণ, ইচ্ছাকৃতভাবে ফাইলপত্র লুকিয়ে ফেলা, ফাইলে আপত্তি জারি | ৫৫. জোনাল অফিস কর্তৃক অনুমোদন ও তদারকির ব্যবস্থা<br>৫৬. অন লাইনে আবেদন গ্রহণ | জোনাল অফিসে কার্যক্রম শুরু<br>অনলাইন আবেদন গ্রহন প্রক্রিয়া শুরু হয়েছে | জোনাল অফিসের মাধ্যমে অনুমোদন প্রক্রিয়া তরান্বিত করা হয়েছে এবং আইনানুযায়ী ৪৫ দিনের ভিতর সকল অনুমোদন সম্পন্ন করণ সম্ভব হয়েছে।<br>'লালবাগ' ও 'ধানমন্ডি' কে মডেল হিসেবে অনলাইন অনুমোদন চালু করা হয়েছে | সন্তোষজনক অগ্রগতি | আবেদন প্রক্রিয়ায় দুর্নীতি এখনও বিদ্যমান অনলাইন অনুমোদনে প্রচারণার অভাব এবং এ ক্ষেত্রে সাড়া অত্যন্ত কম |
| | | ৫৭. নকশা যাচাই বাছাই করার জন্য বিশেষজ্ঞ নিয়োগের সিদ্ধান্ত | সিদ্ধান্ত পর্যায়ে এখনও বিদ্যমান | নকশা যাচাই বাছাই করার জন্য বিশেষজ্ঞ নিয়োগ না দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ | বাস্তবায়ন স্থবির | বিশেষজ্ঞ নিয়োগের সিদ্ধান্ত বাতিল |
| ৪২. | ইমারত নির্মাণ বিধিমালা লঙ্ঘন নিয়ন্ত্রণে ব্যর্থতা | ৫৮. রাজউক কর্তৃক মাত্র ৬৫০টি কারখানা পরিদর্শন পূর্বক ১৫০টি কারখানা অধিকতর পরিদর্শনে বুয়েটে প্রেরণ | কারখানা পরিদর্শন কার্যক্রম বন্ধ রয়েছে | কারখানা পরিদর্শন কার্যক্রম বন্ধ রয়েছে | বাস্তবায়ন স্থবির | বর্তমানে কার্যক্রম বন্ধ রয়েছে। উল্লেখ্য রাজউকভুক্ত অঞ্চলে দুই সহস্রাধিক কারখানা রয়েছে। |
| ৪৩. | মোবাইল কোর্ট পরিচালনায় ম্যাজিস্ট্রেট স্বল্পতা | ৫৯. মোবাইল কোর্ট পরিচালনায় ৭ জন ম্যাজিস্ট্রেট এর চাহিদা প্রদান | মন্ত্রণালয় কর্তৃক কোনো সিদ্ধান্ত গ্রহণ করা হয় নি | দুই জন ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়েছে এবং রাজউক এ কর্মরত কয়েকজন পরিচালক ও উপপরিচালককে ইতিমধ্যে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা প্রদান | বাস্তবায়ন সম্পন্ন | |

## ১.৭ স্থানীয় সরকার ও শিল্প পুলিশ কর্তৃক গৃহীত ও বাস্তবায়নাধীন পদক্ষেপ

| ক্রম | সমস্যা, অনিয়ম ও দুর্নীতি | অবস্থা (২০১৪) | অবস্থা (২০১৫) | অবস্থা (২০১৬) | অগ্রগতি | মন্তব্য /পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|---|
| ৪৪. | **<u>স্থানীয় সরকার</u>**<br>নির্মাণ নকশা অনুমোদনে রাজউক ও রাজউকভুক্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠানের মধ্যে দ্বন্দ্ব<br>স্থানীয় পর্যায়ে (ইউনিয়ন) ভবন নির্মাণের অনুমতি প্রদানের ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তার (প্রকৌশলী) পদায়ন না থাকলেও ভবন নির্মাণের অনুমোদন | ৬০. স্থানীয় উন্নয়ন কর্তৃপক্ষাধীন এলাকার ভবন নির্মাণ অনুমোদনের ক্ষমতা কর্তৃপক্ষকে প্রদান<br>৬১. ইউনিয়ন পরিষদকে ভবন নির্মাণ অনুমোদন না প্রদানের জন্য পরিপত্র জারি | রাজউক ও স্থানিয় সরকার প্রতিষ্ঠানের ভিতর দ্বন্ধ নিরসনে ২টি কমিটি গঠন করা হয়েছে | সম্পন্ন | বাস্তবায়ন সম্পন্ন | রাজউক আওতাধীন শিল্পাঞ্চলে নকশা অনুমোদনে দায়িত্ব রাজউকের উপর ন্যস্ত |
| ৪৫. | **<u>শিল্প পুলিশ</u>**<br>অর্থের বিনিময়ে পুলিশ/ শিল্প পুলিশ মালিক স্বার্থে ব্যবহার ও শ্রমিক আন্দোলন দমন | ৬২. ২টি ট্রাক ও ১টি মটর সাইকেল ঢাকা অঞ্চলে সংযোজন | কোনো কার্যক্রম করা হয় নি | কোনো কার্যক্রম গ্রহণ করা হয় নি | বাস্তবায়ন স্থবির | শিল্প পুলিশের সক্ষমতা বৃদ্ধির জন্য কোনো উদ্যোগ লক্ষ্য করা যায় না<br>শিল্প পুলিশের নীতিমালা প্রণয়ন না করা |

১.৮ শ্রম পরিদপ্তর কর্তৃক গৃহীত ও বাস্তবায়নাধীন পদক্ষেপ

| ক্রম | সমস্যা, অনিয়ম ও দুর্নীতি | অবস্থা (২০ | অবস্থা (২০১৫) | অবস্থা (২০১৬) | অগ্রগতি | মন্তব্য /পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|---|
| ৪৬. | ট্রেড ইউনিয়নের নিবন্ধনে প্রশাসনিক দীর্ঘসূত্রতা ও আইনি জটিলতা | ৬৩. ট্রেড ইউনিয়ন নিবন্ধন তুলনামূলক বৃদ্ধি (জানু' ২০১৩ হতে ২৫ ফেব্রু' ১৪ পর্যন্ত ১১২টি ট্রেড ইউনিয়নের নিবন্ধন)<br>৬৪. ট্রেড ইউনিয়ন নিবন্ধন, নবায়ন ও ইউনিয়নের বাৎসরিক প্রতিবেদন অনলাইনে গ্রহণের উদ্যোগ গ্রহণ<br>৬৫. আইএলও এবং ইউএসডিওএল সহযোগিতায় ট্রেড ইউনিয়ন নিবন্ধন ও কার্যক্রম সমন্ধে শ্রম পরিদর্শক ও শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান | ট্রেড ইউনিয়ন নিবন্ধন চলমান (এপ্রিল, ২০১৪ হতে এপ্রিল ২০১৫ পর্যন্ত ১১৪ টি ট্রেড ইউনিয়ন নিবন্ধন)<br>পরিদপ্তরের পৃথক ওয়েব সাইট করা হয়েছে<br>শ্রমিক পরিদর্শকদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান<br>ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশনে আইএলও কর্তৃক এসওপি (স্টান্ডার্ড অপারেশন প্রসেডিউর) স্থাপনে সহযোগিতা চলমান | ট্রেড ইউনিয়ন নিবন্ধন চলমান (মে, ২০১৫ হতে মার্চ, ২০১৬ পর্যন্ত ১২৫ টি ট্রেড ইউনিয়ন নিবন্ধন)<br>রানাপ্লাজা পরবর্তীতে মোট ৩৫১ টি ট্রেড ইউনিয়ন নিবন্ধন দেওয়া হয়েছে<br>ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশনে আইএলও কর্তৃক এসওপি (স্টান্ডার্ড অপারেশন প্রসিডিউর) স্থাপনের কার্যক্রম চলমান | সন্তোষজনক অগ্রগতি | ইউনিয়ন নিবন্ধনে আবেদন গ্রহণে ৫-২০ হাজার টাকা গ্রহণ<br>কোনো কোনো কর্মকর্তা ট্রেড ইউনিয়ন নিবন্ধনের বিষয় পূর্বে মালিক পক্ষকে জানিয়ে দেয়<br>৮০ শতাংশ ট্রেডইউনিয়ন আবেদন বাতিল করার অভিযোগ<br>কোনো কোনো কর্মকর্তার মালিকের সাথে যোগসাজশে ইউনিয়ন নিবন্ধনের অনাপত্তি প্রদান এবং এ ক্ষেত্রে ৫০-২ লাখ টাকা নিয়মবহির্ভুত অর্থ গ্রহণ<br>ট্রেড ইউনিয়ন নিবন্ধন যাচাইয়ের জন্য যাতায়াতের জন্য ফেডারেশনের কাছ থেকে আর্থিক সুবিধা গ্রহণের অভিযোগ |
| | | ৬৬. ট্রেড ইউনিয়ন কার্যক্রম বিষয়ক অভিযোগের জন্য হট-লাইন স্থাপন | কোনো উদ্যোগ গ্রহণ করা হয় নি | কোনো উদ্যোগ গ্রহণ করা হয় নি | বাস্তবায়ন স্থবির | নির্ধারিত সময় ছিল - ৩০ জুন, ২০১৩<br>কলকারখানা পরিদর্শন অধিদপ্তর এর হটলাইন অংশিদারিত্ব ভিত্তিতে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | ব্যবহার করার ব্যবস্থা কিন্তু এখনও এ সংক্রান্ত কোনো অভিযোগ পাওয়া যায় নি। |
| ৪৭. | রাজনৈতিক বিবেচনায় ট্রেড ইউনিয়ন গঠন ও নিবন্ধন | কোন উদ্যোগ নেই | কোন উদ্যোগ নেই | কোনো উদ্যোগ নাই | - | বিশেষ গোষ্ঠীর স্বার্থ সংশ্লিষ্ট ইউনিয়নের নিবন্ধন<br><br>রানা প্লাজা দুর্ঘটনা পরবর্তী ১৪২ টি ইউনিয়ন নিবন্ধনে বিশেষ গোষ্ঠীকে সুবিধা প্রদানের অভিযোগ |
| ৪৮. | ট্রেড ইউনিয়নের সাথে জড়িত কর্মীদের যৌথ দর-কষাকষির দক্ষতা ও প্রশিক্ষণের অভাব | ৬৭. সক্ষমতা বৃদ্ধির জন্য ৫০,০০০ শ্রমিক ও সংশ্লিষ্টদের প্রশিক্ষণে জন্য প্রকল্প গ্রহণ | ২৪০০ জন শ্রমিককে প্রশিক্ষণ প্রদান<br><br>৫৯ জন কর্মকর্তার শ্রম আইন সম্পর্কিত প্রশিক্ষণ গ্রহণ<br><br>৫০ শ্রম পরিদর্শক কর্তৃক মৌলিক অধিকার বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ | আইএলও কর্তৃক ২৬৪ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান<br><br>৩০ টি শ্রম কল্যান কেন্দ্র হতে শ্রমিকদের চিকিৎসা পরামর্শ, বিনামূল্যে ওষুধ সরবরাহ, প্রশিক্ষণ এবং বিনোদনমূলক ব্যাবস্থা করা হচ্ছে | সন্তোষজনক অগ্রগতি | স্বপ্রনোদিত পরিদর্শন কার্যক্রম পরিচালনা না করা |

১.৯ শ্রমিক সংগঠন কর্তৃক গৃহীত ও বাস্তবায়নাধীন পদক্ষেপ

| ক্রম | সমস্যা, অনিয়ম ও দুর্নীতি | অবস্থা (২০১৪) | অবস্থা (২০১৫) | অবস্থা (২০১৬) | অগ্রগতি | মন্তব্য /পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|---|
| ৪৯. | তৈরি পোশাক খাতে ১৫৭টি ট্রেড ইউনিয়নের মধ্যে ৪০ - ৫০টি সক্রিয় | ৬৮. ট্রেড ইউনিয়ন কার্যক্রম বৃদ্ধি পেয়েছে | ১৫০-২০০টি সক্রিয় ট্রেড ইউনিয়ন কার্যক্রম পরিচালনা করছে | ১০০-১২০টি ট্রেড ইউনিয়ন সক্রিয় আছে | বাস্তবায়ন স্থবির | রানা প্লাজা পরবর্তী “ল্যাপটপ ট্রেড ইউনিয়ন” এর কার্যক্রম বৃদ্ধি<br>ইয়েলো ইউনিয়ন ও (ফেক) নকল ট্রেডইউনিয়ন নিবন্ধনের অভিযোগ<br>ট্রেডইউনিয়ন নিবন্ধনে শ্রমিকের পাশাপাশি স্ত্রী অথবা পরিবারের পরিচয়পত্র প্রদানের বিধানের ফলে পরিবারের সদস্যদের বিভিন্ন হুমকি ক্ষতির ঝুঁকি তৈরি<br>অধিকাংশ ট্রেডইউনিয়ন তুলনামূলক কম শ্রমিক আছে এমন কারখানায় কার্যক্রম পরিচালনা করে এবং রানা প্লাজা পরবর্তি এমন ১০০-১২০ টি কারখানা বন্ধ হয়ে যাওয়া। |
| ৫০. | মালিক স্বার্থে বিজিএমইএ'র পকেট ট্রেড ইউনিয়নের কার্যক্রম | কোন উদ্যোগ নেই | অপরিবর্তিত | অপরিবর্তিত | - | অপরিবর্তিত |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫১. | ইউনিয়ন ও ফেডারেশনের কার্যাবলী সম্পর্কে আইনগত দিক-নির্দেশনা/ বিধিমালার অনুপস্থিতি ট্রেড ইউনিয়নে জাতীয় রাজনীতির সাথে সম্পৃক্ততা;<br><br>নিবন্ধনবিহীন ফেডারেশনের নেতৃত্বে ব্যক্তিগত ও রাজনৈতিক স্বার্থে কার্যক্রম | কোন উদ্যোগ নেই | কোন উদ্যোগ নেই | শ্রমবিধিমালা-২০১৫ পাশ করা হয়েছে এবং বিধিমালায় ট্রেড ইউনিয়ন ও ফেডারেশনের কার্যাবলী সম্পর্কে দিক-নির্দেশনা দেওয়া হয়েছে। | সম্পন্ন | শ্রমিকদের সাথে প্রতারণা, রাজনীতিতে জড়িয়ে পড়া, রাজনৈতিক দলে সম্পৃক্ত থাকা, কোনো কোনো নেতার মাধ্যমে মালিককে জিম্মির অভিপ্রায়ে ট্রেড ইউনিয়ন নিবন্ধনের অভিযোগ<br><br>ট্রেড ইউনিয়ন আন্দোলনের সাথে জড়িত ৭৫/৭৭ টি ফেডারেশনের ভিতর ৩৯টি ফেডারেশন নিবন্ধিত। |

১.১০ বায়ার কর্তৃক গৃহীত ও বাস্তবায়নাধীন  পদক্ষেপ

| ক্রম | সমস্যা, অনিয়ম ও দুর্নীতি | অবস্থা (২০১৪) | অবস্থা (২০১৫) | অবস্থা (২০১৬) | অগ্রগতি | মন্তব্য /পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|---|
| ৫২. | ভিন্ন ভিন্ন কোড অব কন্ডাক্ট | ৬৯. বিজিএমই  কর্তৃক একক আচরণ-বিধিমালা প্রণয়ন | একক আচরণ-বিধিমালা বাস্তবায়ন প্রক্রিয়া চলমান | একক আচরণ-বিধিমালা বাস্তবায়ন প্রক্রিয়া চলমান | ধীর অগ্রগতি | কোনো কোনো বায়ার কর্তৃক অতিরিক্ত চাহিদা উপস্থাপন |
| ৫৩. | আমদানিকারক দেশের শর্তাবলী পূরণের নিমিত্তে  বায়ার প্রতিনিধি, কমপ্লায়েন্স অডিটর ও মালিকদের যোগসাজশে নিরীক্ষা প্রতিবেদনে কারখানার নিরাপত্তার প্রকৃত চিত্র গোপন  করা | ৭০.কারখানার অগ্নি, বৈদ্যুতিক ও ভবন নিরাপত্তা মূল্যায়ন কার্যক্রম।<br><br>৭১. জরিপ কাজ পরিচালনার জন্য বিএনবিসি ও আন্তর্জাতিক মানদন্ডে সমন্বিত চেক  লিস্ট প্রণয়ন<br><br>৭২. নিরাপত্তার প্রশ্নে কারখানা  বন্ধের বিষয় জাতীয় মূল্যায়ন কমিটি গঠন<br><br>৭৩.জাতীয় কর্মপরিকল্পনার আওতায় (এনটিপিএ) সকল চালু কারখানা  অগ্নি, বৈদ্যুতিক এবং কাঠামোগত নিরাপত্তা মূল্যায়নের জন্য জরিপ কার্যক্রম-<br><br>অ্যালায়েন্স (১২/৩/১৪) কর্তৃক ২৪৭টি  (৬২৬টির মধ্যে), অ্যাকর্ড (১০/৩/১৪) কর্তৃক ৮০টি ( ১৬২৬টির মধ্যে) এবং বুয়েট (১৫/৩/১৪) কর্তৃক ২৪৭টি (প্রায় ২০০০ টির মধ্যে) | অধিকাংশ বায়ার কর্তৃক নিজ নিজ নিয়মিত মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করছে<br><br>বিএনবিসি ও আন্তর্জাতিক মানদন্ডে সমন্বিত চেক  লিস্ট দ্বারা জরিপ কার্য পরিচালনা<br><br>জাতীয় কর্মপরিকল্পনার আওতায় (এনটিপিএ) সকল চালু কারখানা অগ্নি, বৈদ্যুতিক এবং কাঠামোগত  নিরাপত্তা মূল্যায়নের জন্য জরিপ কার্যক্রম-<br><br>অ্যালায়েন্স কর্তৃক ৫৮৪টি (৫৮৪টির মধ্যে), অ্যাকর্ড ১১০৩টি ( ১৫৩০ টির মধ্যে) এবং বুয়েট কর্তৃক ৬৪৭টি (প্রায় ১৩৫৫টির মধ্যে) জরিপ সম্পন্ন | জাতীয় কর্মপরিকল্পনার আওতায় (এনটিপিএ) সকল চালু কারখানা অগ্নি, বৈদ্যুতিক এবং কাঠামোগত  নিরাপত্তা মূল্যায়নের জন্য জরিপ কার্যক্রম-<br><br>অ্যালায়েন্স কর্তৃক ৬৬১ টি (৭৯০টির মধ্যে), অ্যাকর্ড ১৬৬১টি ( ১৫৮৯ টির মধ্যে) এবং জাতীয় উদ্যোগে ১৫৪৯টির (১৮২৭ টির মধ্যে) জরিপ সম্পন্ন। ( উল্লেখ্য, এখানে ২৭৪ টি কারখানা অ্যাকর্ড ও অ্যালায়েন্সের উভয়ের অন্তর্ভুক্ত)<br><br>জরিপ পরবর্তী কারেক্টিভ অ্যাকশন প্লান কার্যক্রম- অ্যালায়েন্স পরিদর্শিত ৫৯১ টি কারখানা, অ্যাকর্ড পরিদর্শিত ১৪১৬ টি কারখানা এবং জাতীয় উদ্যোগ কর্তৃক পরিদর্শিত ৩০০টি কারখানার কারেক্টিভ অ্যাকশন প্লান প্রকাশ<br><br>অ্যাকর্ড পরিদর্শিত ২টি | সন্তোষজনক অগ্রগতি | অ্যালায়েন্স ও অ্যাকর্ড কার্যক্রমের সাথে সরকারের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জড়িত না থাকা এবং সমন্বয়হীনতা<br><br>জরিপ কার্যে কারখানা বন্ধ হলে শ্রমিক চাকুরিচ্যুতির ক্ষতিপূরণ প্রদানে অ্যাকোর্ডের অংশগ্রহণ না থাকা<br><br>অ্যাকর্ড কর্তৃক  জরিপকৃত কারখানা সমূহে আর্থিক চ্যালেঞ্জ মোকাবেলায় কোনো ব্যবস্থা না থাকা<br><br>জাতীয় উদ্যোগে পরিদর্শিত কারখানাসমূহ প্রায় ৪২% কারখানা এখনও কারেক্টিভ অ্যাকশন প্লান বাস্তবায়নে কোনো ব্যবস্থাগ্রহণ না করা, এ ক্ষেত্রে দাতা দেশের আর্থিক সহায়তার উপর নির্ভর করায় কাজে স্থবিরতা। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | জরিপ সম্পন্ন | | কারখানায় এবং অ্যালায়েন্স পরিদর্শিত ২৫টি কারখানায় সম্পূর্ণ কারেক্টিভ অ্যকশন প্লান বাস্তবায়ন<br><br>কারেক্টিভ অ্যাকশন প্লান বাস্তবায়নে আইএফসি কর্তৃক ৫০ মিলিয়ন ও ইউএসএইড'র ১৮ মিলিয়ন ডলার এর ফান্ড গঠন এবং তা স্বল্প সুদে সহজ লোন হিসেবে ৫ টি ব্যাংক এ জমা দেওয়া হয়েছে। ৪ টি কারখানায় ১ মিলিয়ন ডলার দেওয়া<br><br>অ্যালায়েন্স কর্তৃক 'আমাদের কথা' নামক একটি টোল ফ্রি হটলাইন স্থাপন করা হয়েছে যেখানে বিভিন্ন বিষয়ে প্রায় ৬৮ হাজার কল গ্রহণ করা হয়েছে | | অন্যান্য ব্যবসা, বাসা-বাড়ি ইত্যাদির সাথে অংশীদারিক ভবনে অবস্থিত ঝুঁকিপূর্ণ ১৫% কারখানাসমূহ স্থানান্তরে কোনো ব্যবস্থা গ্রহণ না করা<br><br>কোনো কোনো কারখানামালিক কর্তৃক জরিপ করার অপরাগতা<br><br>বেপজা কর্তৃক তৈরিকৃত পুরানো কারখানায় কারেক্টিভ অ্যাকশন সম্পন্নকরণে অনুমোদন না দেওয়া<br><br>স্টিল স্ট্রাকচারে তৈরিকৃত কারখানায় অতিরিক্ত খরচ (প্রায় ১০ লাখ ডলার) এর কারণে স্প্রিংলার লাগানোর নিয়ম না মানা<br><br>কারেক্টিভ অ্যাকশন প্লান বাস্তবায়নে আর্থিক সহযোগিতা গ্রহণে নীতিগত জটিলতা<br><br>সাব কন্ট্রাক্ট কারখানায় সহযোগিতা প্রদানের অঙ্গিকার সম্পূর্ণ এড়িয়ে যাওয়া |
| ৫৪. | বায়ার কর্তৃক নির্দিষ্ট মূল্যে প্রতিশ্রুত কারখানায় অর্ডার না | ৭৪. বায়ার কর্তৃক নন-কমপ্লায়েন্ট কারখানায় | নন-কমপ্লায়েন্ট কারখানায় অর্ডার প্রদান করা হচ্ছে না | এনটিপিএ'র আওতায় অগ্নি ও বিল্ডিং নিরাপত্তা জরিপকার্যে | সন্তোষজনক অগ্রগতি | রিভিউ প্যানেলের সুপারিশ কোনো কোনো কারখানার |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | দিয়ে কম মূল্যে নন-কমপ্লায়েন্ট কারখানায় অর্ডার দেওয়া<br>বায়ার জ্ঞাতসারে অনেক ক্ষেত্রে নন-কমপ্লায়েন্ট কারখানায় পণ্য উৎপাদন | অর্ডার প্রদানের প্রবণতা হ্রাস | কোনো কোনো বায়ার কর্তৃক ওয়েবসাইটে কারখানার তথ্য প্রকাশ করা হচ্ছে | ঝুঁকিপূর্ণ ৩৯ টি কারখানা সম্পূর্ণ বন্ধ এবং ৪২ টি কারখানা আংশিক বন্ধ করা হয়েছে।<br><br>কারেক্টিভ অ্যাকশন প্লান বাস্তবায়নে অত্যন্ত ধীরগতি হওয়ায় অ্যাকর্ড কর্তৃক ২৫টি কারখানা এবং অ্যালায়েন্স কর্তৃক ২৪ টি কারখানার সাথে ব্যবসায়িক সম্পর্ক বন্ধ করা | | পালন না করা |
| ৫৫. | শ্রম অধিকার ও কর্ম পরিবেশের মানের চেয়ে অনেক ক্ষেত্রে কম মূল্যে ভাল পণ্যের ওপর বায়ারের আগ্রহ | ৭৫. অল্প সংখ্যক বায়ার কর্তৃক উৎপাদন খরচ বেশি প্রদান (যেমন প্যান্টের মজুরি ২৪ হতে ৩০-৩২ডলার প্রদান)<br>৭৬. বায়ার ও ক্রেতা প্রতিষ্ঠান কর্তৃক স্ব স্ব উৎপাদন কারখানার কমপ্লায়েন্স মনিটরিং | অধিকাংশ বায়ার কর্তৃক উৎপাদন খরচ বৃদ্ধি করার প্রতিশ্রুতি | গত ১৫ বছরে যুক্তরাষ্ট্রের বাজারে পণ্যের মূল্য প্রায় ৪১% হ্রাস | বাস্তবায়ন স্থবির | |
| | | ৭৭. রানা প্লাজা ট্রাস্ট ফান্ড গঠন (৪২ মিলিয়ন ডলার) | রানা প্লাজা ডোনার'স ট্রাস্ট ফান্ডে সংগৃহীত মোট অর্থের পরিমাণ প্রায় ১৯ মিলিয়ন ইউএস ডলার<br><br>- এছাড়া প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে প্রদানের পরিমাণ প্রায় ২.৪৮ মিলিয়ন ইউএস ডলার | ক্ষতিগ্রস্তের মধ্যে ক্ষতিপূরণ বন্টন<br><br>ট্রাস্ট ফান্ড কর্তৃক ২৮৯৫ জনকে মোট ১৯.৬ মিলিয়ন ইউএস ডলার প্রদান<br><br>প্রাইমার্ক কর্তৃক ৬.৩ মিলিয়ন ইউএস ডলার<br><br>প্রধানমন্ত্রীর ২.৪৮ মিলিয়ন ইউএস ডলার বিতরণ | সন্তোষজনক অগ্রগতি | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | দীর্ঘমেয়াদি চিকিৎসা খরচ বাবদ ব্র্যাক এর মাধ্যমে বিতরনের জন্য ০.৯২ মি. ইউএস ডলার বরাদ্দ<br><br>ঝুঁকির বিবেচনায় ক্ষতিপূরণপ্রাপ্তদের তালিকা প্রকাশ না করা | | |
| ৫৬. | শ্রমিক কল্যাণ তহবিল না থাকা | ৭৮. কোন উদ্যোগ নেই | কোন উদ্যোগ নেই | শ্রমিক কল্যান তহবিল তৈরি করা হয়েছে। এফওবি এর ০.০৩ শতাংশ প্রদানের বিধান কার্যকর করা হয়েছে।<br><br>তহবিলে জমা হওয়া অর্থের পরিমান ৮০ কোটি টাকা | বাস্তবায়ন সম্পন্ন | ১০ সদস্য বিশিষ্ট কল্যান তহবিল পরিচালনা পর্ষদ তৈরি করা হয়েছে<br><br>জার্মান ও আইএলও'র সহযোগিতায় শ্রমিকদের জন্য একটি ইনসুরেন্স স্কিম তৈরির উদ্যোগ |